

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ভান্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং-৪১.০১.৭৯১৪.০০০.১৬.০৩১.২২- ৬৬

তারিখঃ ১৩/০৯/২০২২খ্রিঃ

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের উপকারভোগীর তালিকা হালনাগাদ করণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই-সেপ্টেম্বর/২০২২খ্রিঃ ১ম কিস্তির পেরোল প্রেরণ করা প্রয়োজন। সে লক্ষ্যে ইতোমধ্যে ই-মেইলের মাধ্যমে তালিকার সফটকপি আপনার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকা যচাই-বাছাই পূর্বক হালনাগাদ তথ্য আগামী ২৫/০৯/২০২২খ্রিঃ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

তালিকা হালনাগাদ করণের ক্ষেত্রে যে সকল বিষয়ে লক্ষ্য রাখতে হবেঃ

- ১। প্রেরিত তালিকায় অন্তর্ভুক্ত যে সকল ভাতাভোগী ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন তাদের সনাক্ত করে প্রতিস্থাপন করতে হবে।
- ২। কোন ভাতাভোগীর দেয়া মোবাইল নম্বরে ভুল থাকলে অথবা বিকাশ করা না থাকলে নম্বর পরিবর্তন করে দিতে হবে।
- ৩। বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ক্ষেত্রে যাদের স্বামী আছে বা পুনঃ বিবাহ সম্পন্ন হয়েছে তাদের নির্বাচন করে প্রতিস্থাপন করতে হবে।
- ৪। নীতিমালা বহির্ভূত কোন ব্যক্তি ভাতা গ্রহণ করলে তা সনাক্ত করে প্রতিস্থাপন করতে হবে।
- ৫। তালিকায় অন্তর্ভুক্ত কোন ব্যক্তির তথ্যে ভুল থাকলে তা সংশোধন করে দিতে হবে।

বিষয়টি অতীব জরুরী

চেয়ারম্যান
ইউনিয়ন পরিষদ (সকল)
ভান্ডারিয়া, পিরোজপুর।


ভবানী শংকর বলা
উপজেলা সমাজসেবা অফিসার
ভান্ডারিয়া, পিরোজপুর।
ফোন: ০৪৬২-৩৫৬০৭৫
মোবাইল (সরকারি): ০১৭০৮-৪১৪৭৩৮
Email-usso.bhandaria@dss.gov.bd.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, পিরোজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৪। দফতর নথি।